# বেগম খালেদা জিয়ার ইন্তেকালে নরেন্দ্র মোদির শোকবার্তা



সংগৃহীত ছবি

বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

মঙ্গলবার (৩০ ডিসেম্বর) সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক বার্তায় নরেন্দ্র মোদি বলেন, বেগম খালেদা জিয়ার ইন্তেকাল দক্ষিণ এশিয়ার রাজনীতিতে এক গুরুত্বপূর্ণ অধ্যায়ের সমাপ্তি। তিনি প্রয়াত নেত্রীর পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানান এবং এই শোকাবহ সময়ে বাংলাদেশের মানুষের পাশে থাকার কথা উল্লেখ করেন। পাশাপাশি তিনি সর্বশক্তিমানের কাছে শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ও শক্তি দেওয়ার প্রার্থনা করেন।